

## জীবন বিজ্ঞান নবম শ্রেণি

---

ভাবমূল : জীবন সংগঠনের স্তর

উপভাবমূল : মানবদেহের প্রধান অঙ্গ ও তাদের কাজ

1. মানবদেহে মস্তিষ্কের অবস্থান ও ভূমিকা লেখো।

উঃ অবস্থান : মানুষের মস্তিষ্ক কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের একটি প্রধান অংশ। ইহা মাথার খুলি বা ক্রেনিয়াম -এর মধ্যে সুষুম্নাকাণ্ডের অগ্রভাগে অবস্থিত।

ভূমিকা : i. ইহা চিন্তা, স্মৃতি, বুদ্ধি, প্রভৃতি মানসিক বোধ এবং চাপ, তাপ, ব্যথা, শ্রবণ, দর্শন, ঘ্রাণ ইত্যাদি স্পর্শবোধ নিয়ন্ত্রণ করে।

ii. দেহের ভারসাম্য নিয়ন্ত্রণ করে।

2. মানবদেহে সুষুম্নাকাণ্ডের অবস্থান ও ভূমিকা লেখো।

উঃ অবস্থান : পশ্চাৎমস্তিষ্কের সুষুম্নাশীর্ষকের নীচে মেবুদণ্ডের গহ্বরে (Neural canal) ইহা অবস্থিত।

ভূমিকা : i. প্রতিবর্ত ক্রিয়া নিয়ন্ত্রণ করা।

ii. দেহের বিভিন্ন অংশের অনুভূতি মস্তিষ্কে প্রেরণ করা এবং মস্তিষ্কের নির্দেশনা দেহের বিভিন্ন অংশে প্রেরণে সাহায্য করা।